গাংনীতে সমবায় সমিতির সদস্যদের দিনব্যাপী ভ্রাম্যমান প্রশিক্ষণ অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনী উপজেলায় সম্ভাবনাময় সমবায় সমিতির সদস্যদের অংশগ্রহনে দিনব্যাপী ভ্রাম্যমান প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার (১১ সেপ্টেম্বর) গাংনী উপজেলা সমবায় অফিসের আয়োজনে বিআরডিবি হলরুমে সমবায়ীদের অংশগ্রহণে দিনব্যাপী এই ভ্রাম্যমাণ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

গাংনী উপজেলা সমবায় অফিসার মাহবুবুল হক মন্টুর সভাপতিত্বে ভ্রাম্যমান প্রশিক্ষণে অতিথি বক্তা হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত) নাদির হোসেন শামীম, গাংনী উপজেলা কৃষি কর্মকর্তা ইমরান হোসেন ও মেহেরপুর জেলা সমবায় অফিসের উপ-সহকারী নিবন্ধক এনামুল হক।

এসময় অতিথি হিসেবে আরো উপস্থিত ছিলেন চাঁদপুর সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতির সভাপতি আবুল কাশেম মাস্টার, মেহেরপুর জেলা সমবায় অফিসের প্রশিক্ষক নূরুজ্জামান ও সহকারী পরিদর্শক রুহুল কুদ্দুস, হাফিজুর রহমান।

প্রশিক্ষণে ৬ টি সমবায় সমিতির মোট পঁচিশ জন সদস্য অংশগ্রহণ করেন।

গাংনীর বেতবাড়িয়া গ্রামে কৃষকের দুই বিঘা জমির

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

করার চেষ্টা করে আসছে। কৃষকদেরকে দিয়ে তাদের আবাদ নষ্ট করে আমাকে মিথ্যা মামলায় ফাঁসাতে চাইছে। তবে সঠিক তদন্ত করার দাবী জানান তিনি। আরিফ হোসেন বলেন, আমি স্কেবিটর নিয়ে যাওয়ার জন্য রাস্তা পাচ্ছিলামনা আলেহিমকে বিষয়টি জানানো হলে তিনি আমার গাড়ি যাওয়ার জন্য রাস্তা চাই। তারা রাস্তা না দিলে আমি সেখান থেকে মাটি কাটা শুরু হওয়ার আগেই গাড়ি সরিয়ে নিয়ে আসি। আমাদের নামে মিথ্যা বদনাম দিচ্ছে সাইদুর মেম্বার ও তার লোকজন।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, ক্ষেত নষ্ট করার বিষয়ে জানতে পেরে সেখানে পুলিশ পাঠানো হয়েছে। লিখিত অভিঙেযাগ পেলে প্রয়োজনীয় ব্যবস্থঅ নেয়া হবে।

গাংনীতে প্রতারণা মামলায় আদম ব্যবসায়ি গ্রেপ্তার

প্রতারণার অভিযোগে দায়ের করা মামলায় আদম ব্যবসায়ি মাহাতী হাসান ওরফে বাবর ওরফে ডিকো(৩৫) কে গ্রেপ্তার করেছে পুলিশ।

গতকাল বৃহষ্পতিবার দিবাগত রাতে গাংনী থানা পুলিশের একটি টীম কুষ্টিয়া থানা পুলিশের সহায়তায় শহরের চৌড়হাস মোড় থেকে তাকে গ্রেপ্তার করে।

আজ শুক্রবার সকালে মাহাতী হাসান ওরফে বাবর ওরফে ডিকোকে মেহেরপুর আদালতে প্রেরণ করলে বিজ্ঞ আদালত তাকে জেল হাজতে পাঠান।

মাহাতী হাসান ওরফে বাবর ওরফে ডিকো গাংনী উপজেলার হাড়াভাঙ্গা পশ্চিম পাড়ার নাসির উদ্দীনের ছেলে।
মামলার বাদী গাংনীর বড়বামন্দী গ্রামের শাহিন আলী জানান, মাহাতী হাসান ওরফে বাবর ওরফে ডিকো তার পিতা মিকাইল হোসেনকে সৌদি আরবে একটি কোম্পানীতে ভাল বেতনে চাকরী দেয়ার কথা বলে ৩ লাখ ৬০ হাজার টাকা গ্রহণ করেন ও ২০০ টাকা মূল্যের ননজুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিবদ্ধ হন।

এ ছাড়াও বাদীর কাছ থেকে ব্লাংক চেক নেয় আদম ব্যবসায়ি ডিকো। পরে মিকাইল হোসেনকে সৌদি আরবে প্রেরণ করা হলেও চুক্তি অনুযায়ী কাজ দেয়া হয়নি। দীর্ঘদিন মরুভ’মির মধ্যে কাজ করানো হলেও তাকে বেতন দেয়া হয়নি। পরে একটি শ্যাম্প কারখানাতে কাজ করানো হচ্ছে। এখানে শুধু খাবারের ব্যবস্থা করা হয়।

বিষয়টি মাহাতী হাসান ওরফে বাবর ওরফে ডিকোকে জানানো হলেও তিনি কোন ব্যবস্থা না নিয়ে বরং বাদীকে নানা ভাবে হুমকী ধামকী দেন ও উল্টো দুই লাখ ৮০ হাজার টাকা দাবী করেন। একাধিবার একাধিক জনকে বিষয়টি জানিয়েও কোন ফল না হওয়ায় মোকাম বিজ্ঞ সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে একটি মামলা করেন শাহিন আলী। আদালত মামলাটি এফআইআরের আদেশ দেন আদালত।

গাংনী থানাতে মামলাটি রেকর্ড হবার পর এসআই জাহাঙ্গীর ও সঙ্গীয় ফোর্স কুষ্টিয়াতে অভিযান চালিয়ে তাকে গ্রেপ্তার করে।

গাংনীতে প্রতিপক্ষের হামলায় নারীসহ তিনজন আহত

বাড়ির উঠানের বেড়া পড়ে যাওয়াকে কেন্দ্র করে প্রতিপক্ষের হামলায় নারীসহ তিনজন আহত হয়েছে। ঘটনাটি ঘটেছে গত বুধবার সকালে গাংনী উপজেলার মিনাপাড়া গ্রামে।

আহতরা হলেন আবু বকরের ছেলে আকতারুল(৪০) ও তার মা সোহাগী (৬০) এবং ছেলে বাহারুল(১৩)।
আহতদেরকে প্রথমে গাংনী ও পরে কুষ্টিয়া মেডিকেলে ভর্তি করা হয়। এ ঘটনায় গাংনী থানায় একটি লিখিত অভিযোগ দিয়েছেন আহত আকতারুল।

জানা গেছে, আকতারুল ও তার সৎভাই মতিয়ার পাশাপাশি বাস করেন। মাঝখানে রয়েছে একটি বেড়া। হঠাৎ করে ওই বেড়াটি কাত হয়ে পড়ে গেলে মতিয়ার ও তার বাড়ির লোকজন আকতারুলের উপর সন্দেহ করে গালাগালি দেয়। এর প্রতিবাদ করায় মতিয়ারও তার ছেলে বউ মিলে আকতারুলের বাড়িতে হামলা চালায়। এতে আকতারুল তার মা সোহাগী এবং

ছেলে বাহারুল আহত হয়।

স্থানীয়রা আহতদেরকে প্রথমে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও পরে কুষ্টিয়া মেডিকেলে ভর্তি করেন। এ ঘটনায় গাংনী থানায় একটি অভিযোগ দিয়েছেন আকতারুল।

গাংনীতে ডেঙ্গুসহ মশাবাহিত রোগ প্রতিরোধে আলোচনা সভা

“নিজ আঙ্গিনা পরিস্কার রাখি, ডেঙ্গু মুক্ত বাংলাদেশ গড়ি, জমা পানি সর্বনাশা,এডিস মশা বাধে বাসা, তিনদিনে একদিন, জমা পানি দিন” এ প্রতিপাদ্যে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে জনসচেতনতা মুলক র্যালী ও আলোচনা সভা করেছে গাংনী উপজেলা প্রশাসন।

বৃহস্পতিবার বেলা ১১ টার সময় উপজেলা নির্বাহী কর্মকর্তার সভাকক্ষে অনুষ্ঠিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা সাজিয়া সিদ্দিকা সেতু।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এমএ খালেক।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন গাংনী পৌরসভার মেয়র আহম্মেদ আলী,গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কর্মকর্তা সুপ্রভা রানী।

আলোচনা সভায় গাংনী উপজেলার বিভিন্ন অফিসের কর্মকর্তা ও সাংবাদিকবৃন্দরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠান শুরুতে একটি র্যালী গাংনী উপজেলা পরিষদ থেকে বের হয়ে প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে।

[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]

[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]

[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [

গতকাল মঙ্গলবার দিবাগত রাতে গাংনী থানা পুলিশের একটি টিম গাংনী বাজারে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো: আব্দুর রাজ্জাক এই তথ্য নিশ্চিত করে বলেন, অর্থনৈতিক লেনদেন সংক্রান্ত একটি মামলায় মকবুল হোসেন মেঘলাকে গ্রেফতার করা হয়েছে।

আজ বুধবার (৬ সেপ্টেম্বর) দুপুরে মকবুল হোসেনকে মেঘলাকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে ৩ টি দোকানে ১৫ হাজার টাকা জরিমানা

নিত্যপ্রয়োজনীয় পণ্যের মুল্যতালিকা প্রদর্শন না করা, মেয়াদ উত্তীর্ণ, মুল্যবিহীন পন্য বিক্রী ও মেয়াদ উত্তীর্ণ কীটনাশক বিক্রয় করার অপরাধে তিনটি দোকানে অভিযান চালিয়ে ১৫ হাজার টাকা জরিমানা আদায় করেছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

আজ মঙ্গলবার (৫ সেপ্টেম্বর) দুপুরের দিকে মেহেরপুর জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর কর্তৃক গাংনী উপজেলার বাশঁবাড়ীয়া ও চিৎলা বাজার এলাকায় অভিযান পরিচালনা করা হয়। অভিযান পরিচালনা করেন মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহম্মেদ।

পূর্বে সতর্ক করার পরেও নিত্যপ্রয়োজনীয় পণ্যের মুল্যতালিকা প্রদর্শন না করা, মেয়াদ উত্তীর্ণ ও মেয়াদ মুল্য বিহীন পন্য বিক্রীর অপরাধে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৩৮ ও ৫১ ধারায় চিৎলা বাজারে মেসার্স মিন্টু স্টোর নামক প্রতিষ্ঠানে ১০ হাজার টাকা জরিমানা করা হয়। এছাড়া একই বাজারের মেসার্স আনারুল স্টোরকে ২০০৯ সালের জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ আইনের ৩৭ ও ৩৮ ধারায় ২ হাজার টাকা এবং সারের মুল্যতালিকা প্রদর্শন না করা ও মেয়াদ উত্তীর্ণ কীটনাশক বিক্রীর করার অপরাধে একই আইনের ৩৮ ও ৫১ ধারায় মেসার্স আসিফ এন্টারপ্রাইজ নামক সার-কীটনাশক বিক্রয় প্রতিষ্ঠানকে ৩ হাজার টাকা জরিমানা করা হয়।

এসময় এই দোকান থেকে বেশ কিছু খাদ্যপণ্য ও সার জব্দ করা হয়। পরে জব্দকৃত মেয়াদ উত্তীর্ণ পণ্য জনসম্মুখে পুড়িয়ে বিনষ্ট করা হয়। এসময় জেলা কৃষি বিপণন কর্মকর্তা মো: আব্দুর রাজ্জাক এবং মেহেরপুর পুলিশ লাইনের একটি টিম উপস্থিত ছিলেন।

গাংনীতে বিএনপির স্বরণসভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত

গাংনীতে মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক দলের সাবেক সভাপতি তোফায়েল আহমেদ ও যুবদলের সাবেক সভাপতি আখতারুজ্জামানের মৃত্যুবার্ষিকী উপলক্ষে স্মরণ সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার সন্ধ্যায় গাংনী হাসপাতাল বাজারে বিএনপির একাংশের কার্যালয়ে পৌর বিএনপির আয়োজনে এ স্বরণসভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা কৃষক দলের আহ্বায়ক মাহবুবুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু।

এসময় মেহেরপুর জেলা ছাত্রদল সভাপতি নাজমুল হোসেন, জেলা ছাত্রদলের সহ-সভাপতি শান্ত আহমেদ বিশ্বাস,গাংনী উপজেলা ছাত্রদল নেতা জী কে শামীম,গাংনী সরকারী ডিগ্রী কলেজ ছাত্রদলের আহবায়ক জুনায়েদ আলি,মেহেরপুর জেলা যুবদলের সহ সম্পাদক রাশেদুজ্জামান রনি,গাংনী পৌর জাসাসের সদস্য সচিব সুরেলি আলভি,গাংনী উপজেলা কৃষকদলের যুগ্ন আহবায়ক আব্দুল্লাহ আল হাসান শাওন,গাংনী পৌর যুবদলের যুগ্ন আহবায়ক মনিরুজ্জামান মনি, পৌর যুবদল নেতা মিজানুর রহমান (তোতা), ৫ নং ওয়ার্ড যুবদলের সাধারন সম্পাদক আসাদ, পৌর ছাত্রদল নেতা রাকিবুল ইসলাম রাকিব,গাংনী পৌর কৃষকদল নেতা আমিনুল ইসলাম,কৃষকদল নেতা রনি আহমেদ,সাবেক ছাত্রনেতা সাহিবুর রহমান,কাজিপুর ইউনিয়ন যুবদলের সদস্য সচিব হাবিবুর রহমান বকুল,বিএনপি নেতা আঃগনি, পৌর বিএনপি নেতা এনামুল হক সহ গাংনী উপজেলা বিএনপি ও সহযোগি সংগঠনের নেতৃবৃন্দ।

[redacted]

[redacted]